# Times Today BD

সিনিয়র রিপোর্টার | চট্টগ্রাম | 02 April, 2025

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় মসজিদে রমজানে তারাবি পড়ানোয় ইমামের জন্য তোলা টাকার হিসাব নিয়ে দুই পক্ষের সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হয়েছেন।বুধবার(২ এপ্রিল) সকালে উপজেলার মনিয়ন্দ ইউনিয়নের ইটনা গ্রামে এ ঘটনা ঘটে।

এলাকাবাসী, পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা গেছে, ইটনা গ্রামের শাহী মসজিদের তারাবির টাকার হিসাব নিয়ে ওই গ্রামের জীবন মিয়া ও শরীফ মিয়ার মধ্যে মঙ্গলবার (১ এপ্রিল) রাতে বাকবিতণ্ডা হয়।বুধবার সকালে শরীফ মিয়াকে দোকানের সামনে পেয়ে জীবন মিয়া আবারও তর্কে জড়ান।একপর্যায়ে দুজনের পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন।এতে উভয় পক্ষের লোকজনসহ এলাকার অন্তত ১৫ জন আহত হন।

আখাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) ডা. লুৎফুর রহমান বলেন, সকালের সংঘর্ষে আহত রোগীদের নিয়ে আসেন স্বজনরা।বেশিরভাগের মাথায় আঘাত হয়েছে।তাদের মধ্যে ছয়জনকে ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে পাঠানো হয়েছে।বাকিরা চিকিৎসা নিয়ে বাড়িতে চলে গেছেন।

স্থানীয় শাহী মসজিদ কমিটির সদস্য আব্দুল গফুর বলেন, জীবন মিয়া মুসল্লিদের থেকে তারাবির টাকা উঠায়।শরীফসহ আরও কয়েকজন যুবক মসজিদ কমিটির সেক্রেটারির কাছে বিষয়টি সম্পর্কে জানতে চান।এ ঘটনা থেকেই মারামারি হয়েছে।

আখাউড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ছমিউদ্দিন বলেন, ঘটনাস্থলে গ্রামবাসীর সঙ্গে কথা বলে জানতে পেরেছি মসজিদের টাকা তোলার ঘটনাকে কেন্দ্র দুই পক্ষের মারামারি হয়েছে।এতে উভয় পক্ষের বেশ কয়েজন আহত হয়েছেন।

সংঘর্ষ আহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:13

URL: https://www.timestodaybd.com/public/chittagong/777373229